

প্যানেল চূড়ান্ত হয়নি, একক প্রার্থী হিসেবে মনোনয়নপত্র নিয়েছেন ছাত্রদল নেতারা

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনে প্যানেল

চূড়ান্ত করতে পারেনি জাতীয়তাবাদী ছাত্রদল। তবে মনোনয়নপত্র

সংগ্রহের শেষ দিনে একক প্রার্থী হিসেবে মনোনয়নপত্র সংগ্রহ

করেছেন সংগঠনটির নেতাকর্মীরা।

আজ সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী

চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় ডাকসুর প্রধান রিটার্নিং

কর্মকর্তার কাছ থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন তারা।

দুপুরের পর থেকে তিন ধাপে ভাগ হয়ে প্রধান রিটার্নিং কর্মকর্তার

কাছ থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেন ছাত্রদলের নেতাকর্মীরা।

ছাত্রদল নেতারা বলছেন, সংগঠন থেকে আগ্রহী শিক্ষার্থীদের

মনোনয়নপত্র সংগ্রহ করতে নির্দেশনা দেওয়া হয়েছে। সে কারণে

তারা একক প্রার্থী হিসেবে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। তবে কে
কোন পদে প্রার্থী হবেন, সেটি এখনো ঠিক হয়নি। আজ রাতের
মধ্যে প্যানেল চূড়ান্ত হতে পারে।

এ বিষয়ে ছাত্রদলের জসীমউদ্দীন হল শাখার আহ্বায়ক তানভীর
বারী হামিম বলেন, ‘জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেল এখনো
চূড়ান্ত হয়নি। আজকে রাতে আমাদের প্যানেল চূড়ান্ত হবে। তবে
আজ যেহেতু মনোনয়ন ফরম নেওয়ার শেষ দিন, তাই
শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে মনোনয়নপত্র সংগ্রহ করেছি।

প্যানেল চূড়ান্তে দেরি হওয়ার বিষয়ে এক প্রশ্নের জবাবে তানভীর
বারী হামীম বলেন, ‘ছাত্রদল বৃহৎ একটি ছাত্রসংগঠন।

গত দুই দশকে অনেক শিক্ষার্থী ত্যাগ স্বীকার করে আসছেন।

২৮টি পদের বিপরীতে ছাত্রদলের প্রায় ৪০০ প্রার্থী রয়েছে।
যোগ্যতায় কেউ কারো থেকে পিছিয়ে নেই। যার কারণে চূড়ান্ত
হতে কিছুটা বিলম্ব হচ্ছে।’

ছাত্রদল ছাড়াও মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিনে ইসলামী
ছাত্রশিবির, গণতান্ত্রিক ছাত্র সংসদ, ছাত্র অধিকার পরিষদ, বাম
গণতান্ত্রিক ছাত্র জোট, ইসলামী আন্দোলন বাংলাদেশ, জুলাই
আন্দোলনের অন্যতম সংগঠক উমামা ফাতেমা মনোনয়নপত্র
নিয়েছেন।

ডাকসুর তফসিল অনুযায়ী, ডাকসুতে মনোনয়নপত্র সংগ্রহের শেষ

দিন ছিল আজ। যাচাই-বাছাই শেষে ২১ আগস্ট দুপুর ১টার সময়

চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।